

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মাধবপুর, হবিগঞ্জ  
www.madhabpur.habiganj.gov.bd

নম্বর : ০৫.৪৬.৩৬৭১.০০০.০৭.০১০.২০- ৩৪

তারিখ- ১১/০১/২০২৩ খ্রিঃ


বিষয় : ইনোভেশন শোকেসিং আয়োজনে উদ্ভাবনী উদ্যোগ/প্রকল্প তালিকা প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয়ের কার্যালয়ের ৩১ মার্চ ২০২২খ্রি. তারিখের ০৫.৪৬.৩৬০০.০১৪.৩২.০০১.২০.১০৯নং স্মারক।

উপর্যুক্ত বিষয় উল্লেখপূর্বক সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মাধবপুর উপজেলার ইনোভেশন শোকেসিং আয়োজনে উদ্ভাবনী উদ্যোগ/প্রকল্প সমূহ নির্ধারিত “ছক” অনুযায়ী প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

ছক

ক্রমিক নং	উদ্ভাবনী উদ্যোগ/প্রকল্পের বিবরণ	উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী কর্মকর্তার নাম, পদবী, ও মোবাইল এবং ই-মেইল এ্যাড্রেস	মন্তব্য
০১	<p><b>“শ্রেণি আমার-শিশু আমার” :</b></p> <p>“শ্রেণি আমার-শিশু আমার”, ইনোভেশন প্রজেক্ট-এ প্রত্যেক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১ বছরের জন্য শ্রেণি শিক্ষকের দায়িত্ব প্রদান করে তাঁদেরকে ঐ শ্রেণির সার্বিক কার্যক্রমের জন্য দায়িত্বশীল (Responsible) হিসেবে পদায়ন করার ব্যবস্থা নেয়া হয়েছে। প্রত্যেক বিদ্যালয়ের শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষককে পুরস্কৃত করার ব্যবস্থা রাখা হয়েছে। প্রতি বছর জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রদানের জন্য ইউনিয়ন, ক্লাস্টার ও উপজেলার শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচনের জন্য বিদ্যালয়ের শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষককেই নির্বাচিত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে করে সহকারি শিক্ষকগণ ভাল কাজ করার প্রেরণা পাবেন।</p> <p>“শ্রেণি আমার-শিশু আমার”, ইনোভেশন প্রজেক্ট-এ একজন শ্রেণি শিক্ষককে যথাযথ ক্ষমতায়নসহ সুনির্দিষ্টভাবে তাঁর দায়িত্ব ও কর্তব্য বিশদভাবে বিবৃত করা হয়েছে এবং শ্রেণি শিক্ষক ধারণাটিতে আমূল পরিবর্তন আনা হয়েছে।</p>	<p>মোঃ ছিদ্দিকুর রহমান উপজেলা শিক্ষা অফিসার মাধবপুর, হবিগঞ্জ মোবা : ০১৯১৫-৮৪৯৮৮৬ ইমেইল : ueo.madhabpur@gmail.com</p>	
০২	<p><b>“জব ফেয়ার আয়োজন” :</b></p> <p>বেকার যুবক-যুব মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি হবে। শিক্ষিত বেকার যুবক-যুবতীদের ডাটাবেজ প্রস্তুত পূর্বক বিভিন্ন সরকারি/বেসরকারি/শিল্প প্রতিষ্ঠান/সংস্থার মাধ্যমে প্রশিক্ষণের ব্যবস্থা করে চাকুরী মেলা আয়োজনের মাধ্যমে বেকারত্ব দূরীকরণ ও কর্মসংস্থান সৃষ্টি হবে।</p>	<p>মন্জুর আহসান উপজেলা নির্বাহী অফিসার মাধবপুর, হবিগঞ্জ মোবা : ০১৭৩০৩৩১১৩২ ইমেইল : unomadhabpur@gmail.com</p>	

  
১১/০১/২০২৩

(মন্জুর আহসান)

উপজেলা নির্বাহী অফিসার  
মাধবপুর, হবিগঞ্জ

ইমেইল : unomadhabpur@gmail.com

জেলা প্রশাসক

হবিগঞ্জ।

দৃষ্টি আকর্ষণ : সহকারী কমিশনার, আইসিটি শাখা

জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।